

## BOWEL CANCER SCREENING

### বাওয়েল বা অন্ত্রের ক্যান্সার নির্ণয় পরীক্ষা

#### The Facts

#### বাস্তব তথ্যসমূহ

##### এই প্রচারপত্রের লক্ষ্য কি?

অন্ত্রের ক্যান্সার (bowel cancer), এবং অন্ত্রের ক্যান্সারের অস্তিত্ব নির্ণয় করার পরীক্ষার বিভিন্ন উপকার ও ঝুঁকি সম্পর্কে এই প্রচারপত্রে কিছু তথ্য দেওয়া হয়েছে। এটার লক্ষ্য হলো এনএইচএস বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রাম (NHS Bowel Cancer Screening Programme)-এ অংশ নেওয়ার আগে সব কিছু জেনে নিয়ে সিদ্ধান্ত নেওয়ায় আপনাকে সাহায্য করা।

##### অন্ত্রের ক্যান্সারের অস্তিত্ব নির্ণয়ের পরীক্ষার উদ্দেশ্য কি?

- অন্ত্রের ক্যান্সারের স্ক্রীনিং বা পরীক্ষার লক্ষ্য হলো প্রাথমিক পর্যায়েই (যেঁসব লোকের মধ্যে কোন লক্ষণ এখনও দেখা দেয়নি তাদের জন্য) ক্যান্সারের অস্তিত্ব ধরার চেষ্টা করা, যখন চিকিৎসায় কাজ হওয়ার সম্ভাবনা বেশী।
- অন্ত্রের ক্যান্সার স্ক্রীনিং প্রক্রিয়ায় ‘পলীপ’ (polyp)-এর অস্তিত্বও ধরা পড়ে। এগুলি ক্যান্সার নয়, কিন্তু কালক্রমে ক্যান্সারে পরিণত হতে পারে। এগুলি সহজেই দূর করা, এবং অন্ত্রের ক্যান্সার হওয়ার ঝুঁকি কমানো যায়।

##### অন্ত্রে ক্যান্সারের অস্তিত্ব ধরার পরীক্ষা জরুরী কি না?

- ইউকে বা যুক্তরাজ্যে প্রতি 20 জন লোকের মধ্যে মোটামুটি একজনের তাদের জীবনের কোন সময়ে অন্ত্রের ক্যান্সার হয়।
- এটা যুক্তরাজ্যের তৃতীয় সবচেয়ে সাধারণ ক্যান্সার রোগ, এবং ক্যান্সারে মৃত্যুর দ্বিতীয় প্রধান কারণ। 16,000’এরও বেশী লোক প্রতি বছর অন্ত্রের ক্যান্সারে আক্রান্ত হয়ে প্রাণ হারায় (Cancer Research UK, 2005. *Cancerstats*)।
- নিয়মিত অন্ত্রের ক্যান্সারের অস্তিত্ব নির্ণয়ের পরীক্ষায় দেখা গেছে যে এর ফলে অন্ত্রের ক্যান্সার থেকে মৃত্যুর হার 16% কমানো যায় (Cochrane Database of Systematic Reviews, 2006. *Screening for colorectal cancer using the faecal occult blood test: an update*)।


##### এনএইচএস বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রাম কি?

এনএইচএস বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রাম 60 থেকে 69 বছর বয়সী সমস্ত পুরুষ ও নারীকে প্রতি দুই বছর অন্তর স্ক্রীনিং বা পরীক্ষা করার প্রস্তাব দেয়। এই বয়ঃসীমার লোকজনকে সরাসরি পরীক্ষা করানোর আহ্বান জানানো, এবং তারপর তাদের স্ক্রীনিং কিট বা পরীক্ষার সরঞ্জাম পাঠিয়ে দেওয়া হয়, যাতে তারা বাড়িতেই এই পরীক্ষা করতে পারে।

আপনার প্রথম স্ক্রীনিং পরীক্ষার পর থেকে, প্রতি দুই বছর অন্তর আপনাকে আবারও আহ্বান জানানো এবং স্ক্রীনিং কিট পাঠানো হবে, যতদিন পর্যন্ত না আপনার বয়স 69 হচ্ছে। আপনার বয়স যদি 70 বছর বা তার বেশী হয়, আপনি এই প্রচারপত্রের শেষে দেওয়া ফ্রীফোন বা বিনা খরচের নম্বরে টেলিফোন করে আপনার পরীক্ষার সরঞ্জাম চাইতে পারবেন।

## বাওয়েল বা অন্ত্র কি করে ?

বাওয়েল বা অন্ত্র আমাদের ডাইজেস্টিভ সিস্টেম বা খাদ্য পরিপাক প্রণালীর একটা অংশ এবং এটা ক্ষুদ্র ও বৃহৎ এই দুই অংশে বিভক্ত। বৃহৎ অন্ত্র ‘কোলন’ (colon) ও ‘রেক্টাম’ (rectum) দিয়ে গঠিত।



নকশা : অন্ত্র (Bowel)

Stomach – পাকস্থলী • Small bowel – ক্ষুদ্র অন্ত্র • Colon (large bowel) – মলাশয় (বৃহৎ অন্ত্র)  
Anus – পায়ু • Rectum (large bowel) – মলনালী (বৃহৎ অন্ত্র)

খাদ্য পাকস্থলী (stomach) থেকে ছোট অন্ত্রে যায়। ছোট অন্ত্র খাদ্য থেকে শরীরের পুষ্টি আহরণ করার পর যে কোন হজম না হওয়া খাদ্য বৃহৎ অন্ত্রের ভিতর দিয়ে যায়, যেখানে বর্জ্য পদার্থ থেকে জল বাদ হয়ে যায়। এই বর্জ্য পদার্থ ‘রেক্টাম’ বা মলদ্বারে, অর্থাৎ বৃহৎ অন্ত্রের শেষ প্রান্তে জমা থাকে যতক্ষণ পর্যন্ত না তা শরীর থেকে মলের আকারে বার হয়ে যায়।

## অন্ত্রের ক্যান্সার কি ?

অন্ত্রের ক্যান্সার ‘কোলন’ (colon), ‘রেক্টাল’ (rectal) অথবা ‘কোলোরেক্টাল’ (colorectal) ক্যান্সার নামেও পরিচিত। অন্ত্রের ভিতর দিকের আস্তরণ এমন ধরনের কিছু সেল বা জীবকোষ দিয়ে তৈরী যেগুলি অনবরত নতুন করে জন্ম নিচ্ছে। কখনো কখনো এইসব জীবকোষ অতিরিক্ত তাড়াতাড়ি বৃদ্ধি পায়, এবং অন্ত্রের **পলীপ** নামে (কখনো কখনো ‘অ্যাডিনোমা’ নামে পরিচিত) এক গুচ্ছ জীবকোষ সৃষ্টি করে। এইসব পলীপ অন্ত্রের ক্যান্সার নয় (এগুলি সাধারণতঃ নির্দোষ), তবে কয়েক বছরের মধ্যে তারা মারাত্মক ক্যান্সারে পরিণত হতে পারে। ক্যান্সার তখনই মারাত্মক হয়ে ওঠে যখন ক্যান্সার জীবকোষগুলি প্রথম যেখানে জন্ম নিয়েছিল সেখান থেকে তাদের শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়ার ক্ষমতা সৃষ্টি হয়।

## অন্ত্রের ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি কাদের আছে ?

- পুরুষ ও নারী উভয়েরই অন্ত্রের ক্যান্সার হওয়ার ঝুঁকি আছে।
- আপনার অন্ত্রের ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি বয়স বাড়ার সাথে সাথে বাড়ে। অন্ত্রের ক্যান্সার হয়েছে এমন প্রতি 10 জন লোকের মধ্যে আটজনের বয়স 60 বছরের বেশী।
- যেসব লোকের পরিবারে অন্ত্রের ক্যান্সারের ইতিহাস আছে তাদের এই রোগ হওয়ার ঝুঁকি অন্যদের তুলনায় বেশী।
- তেমন ব্যায়াম করে না এমন লোকজন, যাদের শরীরের ওজন অতিরিক্ত বেশী, এবং যেসব লোকজনের নিয়মিত খাবারে ‘লাল’ মাংসের (অর্থাৎ গরুভেড়ার মাংসের) পরিমাণ বেশী এবং শাকসব্জি, ফলমূল ও আঁশযুক্ত পদার্থের পরিমাণ কম, তাদের সকলেরই অন্ত্রের ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশী বলে মনে করা হয়।

## স্ক্রীনিং পরীক্ষা কিভাবে কাজ করে ?

- স্ক্রীনিং পরীক্ষায় আপনার অন্ত্র থেকে নির্গত মলের মধ্যে খুব সামান্য রক্তের অস্তিত্ব, যা আপনি খালি চোখে দেখতে পাবেন না, ধরা পড়ে। এটাকে বলা হয় **ফীসীয়াল অকাল্ট ব্লাড (Faecal Occult Blood - FOB) পরীক্ষা** ('অকাল্ট ব্লাড' অর্থ লুকানো রক্ত)।
- পলীপ এবং অন্ত্রের ক্যান্সার থেকে মাঝে মাঝে রক্তক্ষরণ হয়, যে কারণে আপনার অন্ত্র থেকে নির্গত মলে রক্ত আছে কি না আমরা পরীক্ষা করে' দেখি।
- **FOB পরীক্ষা অন্ত্রের ক্যান্সার নির্ণয় করে না**, তবে তার ফলাফল আপনাকে জানিয়ে দেবে আপনার অন্ত্রের পরীক্ষা বা 'কোলোনোস্কোপী' (colonoscopy) করানোর দরকার আছে কি না।

## এই স্ক্রীনিং (FOB) পরীক্ষা কিভাবে করা হয় ?

FOB পরীক্ষা আপনার বাড়িতেই আপনি করতে পারবেন। স্ক্রীনিং কিট বা পরীক্ষার সরঞ্জাম ব্যবহার করে' আপনি সহজেই আপনার মলের নমুনা সংগ্রহ করতে পারবেন। এই নমুনা একটা বিশেষ ধরনের কার্ডের গায়ে লাগিয়ে সেটাকে একটা স্বাস্থ্যবিধিসম্মতভাবে 'সীল' করা ফ্রীপোস্ট বা বিনা ডাকমাশুলের খামে কোন লেবোরেটরী বা পরীক্ষাগারে আপনি পাঠাতে পারবেন। সমস্ত সরঞ্জামের সঙ্গেই বিস্তারিত নির্দেশিকা দেওয়া থাকে। এই পরীক্ষা করা আপনার কাছে একটু লজ্জাজনক বা অস্বস্তিকর মনে হতে পারে, তবে এটা করতে মাত্র কয়েক মিনিট সময় লাগবে এবং প্রথম পর্যায়েই অন্ত্রের ক্যান্সার নির্ণয় করার এটা একটা কার্যকর পদ্ধতি।

## আমার পরীক্ষার ফলাফল আমি কখন পাবো এবং তাদের অর্থ কি দাঁড়াবে ?

আপনার নমুনা পাঠিয়ে দেওয়ার দুই সপ্তাহের মধ্যেই পরীক্ষার ফলাফলসহ একটা চিঠি লেবোরেটরী থেকে আপনার পাওয়া উচিত। আপনি তিন ধরনের ফলাফল পেতে পারেন।

- একটা **স্বাভাবিক ফলের** অর্থ হলো যে আপনার পরীক্ষার নমুনায় রক্ত পাওয়া যায়নি। অধিকাংশ লোকই (প্রতি 100 জনে প্রায় 98 জন) স্বাভাবিক ফল পায়। এইসব লোকের অল্প কয়েকজনের ক্ষেত্রে ফলের অস্পষ্টতার দরুন তাদের আবার পরীক্ষা করার দরকার হতে পারে।

**স্বাভাবিক ফল এই নিশ্চয়তা দেয় না যে আপনার অন্ত্রের ক্যান্সার হয়নি কিংবা ভবিষ্যতে কখনো হবে না**, সুতরাং অন্ত্রের ক্যান্সারের লক্ষণগুলি (4 নং পৃষ্ঠা দেখুন) জেনে রাখা খুবই জরুরী। দুই বছর পরে আবার আপনার অন্ত্রের ক্যান্সার স্ক্রীনিং করার প্রস্তাব দেওয়া হবে।

- একটা **অস্পষ্ট ফলের** অর্থ হলো যে আপনার FOB পরীক্ষার নমুনায় সামান্য রক্তের চিহ্ন দেখা গেছে। এটা 'হেমারয়েডস্' ('পাইলস্' বা অর্শ) অথবা পাকস্থলীর 'আলসার' বা ঘা জাতীয় কোন কারণের জন্য হয়ে থাকতে পারে। **অস্পষ্ট ফল পাওয়ার অর্থ এই নয় যে আপনার ক্যান্সার হয়েছে, কেবল এই যে আপনার FOB পরীক্ষা আবার করা দরকার।**

আপনি যদি অস্বাভাবিক ফল পান, আপনাকে আরো দুইবার পর্যন্ত FOB পরীক্ষা সম্পূর্ণ করতে বলা হবে। এটা এই জন্য প্রয়োজন যে পলীপ বা ক্যান্সার থেকে সব সময়েই রক্তক্ষরণ হয় না এবং আপনার মলের মধ্যে রক্ত আছে কি না তা জানা জরুরী। প্রতি 100 জন লোকের মধ্যে প্রায় চারজনের ক্ষেত্রে ফল অস্পষ্ট হতে পারে। যেসব লোক এই পরীক্ষা আবার করায় তাদের অধিকাংশই স্বাভাবিক ফল পায়।

- একটা **অস্বাভাবিক ফলের** অর্থ হলো যে আপনার FOB পরীক্ষার নমুনায় রক্ত দেখতে পাওয়া গিয়ে থাকতে পারে – **এটা ক্যান্সারের অস্তিত্বের প্রমাণ নয়, তবে এর অর্থ অবশ্যই যে আপনার কোলোনোস্কোপী করার প্রস্তাব দেওয়া হবে।** অস্বাভাবিক ফলের কারণ হতে পারে অন্ত্রের ক্যান্সারের বদলে অন্ত্রের পলীপ থেকে রক্তক্ষরণ। আপনি যদি অস্বাভাবিক ফল পান, একজন বিশেষজ্ঞ নার্সের সঙ্গে আপনার জন্য অ্যাপয়েন্টমেন্ট করা হবে যেখানে আপনার অন্ত্রের আরো বিস্তারিত পরীক্ষার (কোলোনোস্কোপী) ব্যাপারে আপনি আলোচনা করতে পারবেন। অন্য কোন অবস্থার দরুনও, যেমন হেমারয়েডস্ (অর্শ) এটা হয়ে থাকতে পারে।

## স্ক্রীনিং পরীক্ষার ফলাফলের সারসংক্ষেপ

<b>স্বাভাবিক</b>	আর কোন পরীক্ষার দরকার নেই। দুই বছর পরে আবার আপনার পরীক্ষার প্রস্তাব দেওয়া হবে।
<b>অস্পষ্ট</b>	FOB পরীক্ষা আবার করতে হবে।
<b>অস্বাভাবিক</b>	কোলোনোস্কোপী'র ব্যাপারে আলোচনা করার জন্য আপনাকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে।

## কোলোনোস্কোপী কি?

কোলোনোস্কোপী হলো এমন একটা অনুসন্ধান প্রক্রিয়া যেটাতে আপনার বৃহৎ অস্ত্রের ভিতরের আন্তরণ সরাসরি দেখা যায়। কোলোনোস্কোপ (colonoscope) নামে একটা সরু, নমনীয় নল আপনার মলদ্বারে ঢুকিয়ে দেওয়া হবে, এবং সেটাতে আপনার বৃহৎ অস্ত্রের ভিতরে ঘোরানো হবে। যদি পলীপ দেখা যায়, কোলোনোস্কোপ নলের ভিতর দিয়ে ঢুকিয়ে দেওয়া একটা তারের লুপ বা ফাঁসের সাহায্যে তাদের বেশীর ভাগই সরিয়ে ফেলা যেতে পারে। এইসব টিস্যু বা কোষের নমুনা তারপর পরীক্ষা করে' দেখা হয় তাদের মধ্যে কোন অস্বাভাবিক ক্যান্সার-সংক্রমিত 'সেল' বা জীবকোষ আছে কি না।

- যে'সব লোকের কোলোনোস্কোপী করা হয় তাদের প্রতি 10 জনের মধ্যে প্রায় পাঁচজনের ক্ষেত্রে স্বাভাবিক ফল পাওয়া যায় (তাদের অস্ত্রে ক্যান্সার বা পলীপ নেই)।
- প্রতি 10 জনের মধ্যে প্রায় চারজনের অস্ত্রে পলীপ পাওয়া যায়, যেগুলি বাদ দেওয়া হলে তাদের ক্যান্সার হওয়ার সম্ভাবনা কমে।
- প্রতি 10 জনের মধ্যে প্রায় একজনের ক্ষেত্রে কোলোনোস্কোপী করা হলে ক্যান্সারের অস্তিত্ব পাওয়া যায়।

কোলোনোস্কোপী হলো অস্ত্রের ক্যান্সার নির্ণয় করার সবচেয়ে কার্যকর পদ্ধতি। কোলোনোস্কোপী করানো অধিকাংশ লোকের ক্ষেত্রেই, একটা সহজ-সরল প্রক্রিয়া। তবে, বেশীর ভাগ চিকিৎসাপদ্ধতির ক্ষেত্রেই যেমন, কিছু জটিলতা সৃষ্টি হওয়ার সম্ভাবনা সব সময়েই থাকে। এগুলির মধ্যে থাকতে পারে প্রচুর রক্তক্ষরণ (150 জনের মধ্যে প্রায় একজনের ক্ষেত্রে) যার জন্য আরো পরীক্ষা বা ডাক্তারী পরামর্শের দরকার হয়। কোলোনোস্কোপ অস্ত্রের ভিতরের দেওয়ালে ফুটো (ছিদ্র) করে' দিতে পারে (1,500 জনের মধ্যে প্রায় একজনের ক্ষেত্রে)। অত্যন্ত বিরল ক্ষেত্রে, কোলোনোস্কোপী'র ফলে মৃত্যুও হতে পারে। বর্তমান তথ্যপ্রমাণ থেকে ধারণা পাওয়া যায় যে প্রতি 10,000 বারের মধ্যে প্রায় একবার এমনটা ঘটতে পারে।

কোলোনোস্কোপী সম্পর্কে আরো বিস্তারিত জানার জন্য আমাদের প্রচারপত্র 'দ্য কোলোনোস্কোপী ইনভেস্টিগেশন' (The Colonoscopy Investigation) পড়তে পারেন। যাদের কোলোনোস্কোপী'র জন্য অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে তাদের প্রত্যেককেই আমরা এই প্রচারপত্র পাঠাবো। **মনে রাখবেন, যে'সব লোক FOB পরীক্ষা সম্পূর্ণ করে' থাকে তাদের অধিকাংশেরই কোলোনোস্কোপী দরকার হবে না।**

## আমি যদি অস্বাভাবিক FOB ফল পাই তাহলে কি আমার কোলোনোস্কোপী করতে হবে?

আপনার পরীক্ষার ফল যদি অস্বাভাবিক হয়, একজন বিশেষজ্ঞ নার্সের সঙ্গে আপনার অ্যাপয়েন্টমেন্ট করে' দেওয়া হবে। তিনি কোলোনোস্কোপী পদ্ধতি আপনাকে সম্পূর্ণভাবে বুঝিয়ে বলবেন এবং আপনার শারীরিক অবস্থা তার জন্য উপযুক্ত কি না যাচাই করবেন। আপনি কোলোনোস্কোপী করতে রাজি হলে তিনি সেটার জন্য একটা তারিখ স্থির করবেন।

## অস্ত্রের ক্যান্সার স্ক্রীনিং কতটা নির্ভরযোগ্য?

- দেখা গেছে যে অস্ত্রের ক্যান্সার স্ক্রীনিং এই রোগ থেকে মৃত্যুর ঝুঁকি কমায়।
- অন্য সমস্ত স্ক্রীনিং পরীক্ষার মতো, FOB পরীক্ষাও 100% নির্ভরযোগ্য নয়।
- একটা সম্ভাবনা আছে যে স্ক্রীনিং পরীক্ষা করার সময়ে যদি ক্যান্সার থেকে রক্তক্ষরণ না হতে থাকে তাহলে সেটা ধরা না পড়তেও পারে।
- দুইবার স্ক্রীনিং পরীক্ষার মাঝের দুই বছরের মধ্যেও অস্ত্রের ক্যান্সার দেখা দিতে শুরু করতে পারে।
- মাঝের এই দুই বছরের মধ্যে অস্ত্রের ক্যান্সারের লক্ষণগুলি সম্পর্কে সচেতন থাকা জরুরী।

## অস্ত্রের ক্যান্সারের লক্ষণগুলি কি কি?

অস্ত্রের ক্যান্সারের সবচেয়ে সাধারণ যে লক্ষণগুলির দিকে নজর রাখা দরকার সেগুলি হলো :

- মলত্যাগের অভ্যাসে দীর্ঘমেয়াদী পরিবর্তন, বিশেষ করে' আগের চেয়ে অনেক বেশীবার শৌচাগারে যাওয়া অথবা কয়েক সপ্তাহ ধরে উদরাময় বা পেটের অসুখে ভোগা;
- কোন স্পষ্ট কারণ ছাড়াই মলদ্বার থেকে রক্তক্ষরণ হওয়া;
- তলপেটে বেদনা, বিশেষ করে' সেটা যদি খুব বেশী হয়; এবং
- তলপেটে একটা মাংসপিণ্ড বা স্ফীতি।

মনে রাখবেন যে এইসব লক্ষণের একমাত্র অর্থ এই নয় যে আপনার অস্ত্রের ক্যান্সার হয়েছে, তবে এই লক্ষণগুলির একটা বা একাধিক যদি চার থেকে ছয় সপ্তাহ ধরে আপনার মধ্যে দেখা দেয়, আপনার উচিত আপনার জিপি'র কাছে যাওয়া।

## অস্ত্রের ক্যান্সারের জন্য আমার চিকিৎসার দরকার হলে কি হবে?

আপনি অস্ত্রের ক্যান্সারে আক্রান্ত হয়েছেন এমন আপাতঅসম্ভব পরিস্থিতিতে, একদল বিশেষজ্ঞ আপনার যত্নের ব্যবস্থা করবেন। তাঁরা নিশ্চিত করবেন যে আপনি যেন সব সময়েই সবচেয়ে ভালো চিকিৎসা পান।

অস্ত্রের ক্যান্সার যদি একেবারে গোড়ার দিকেই ধরা পড়ে, আরোগ্যলাভের 90% সম্ভাবনা থাকে (Cancer Research UK, 2005. *Cancerstats*)।

অস্ত্রের ক্যান্সারের প্রধান চিকিৎসা হলো অস্ত্রোপচার। কয়েকটা ক্ষেত্রে কেমোথেরাপী (chemotherapy) অথবা রেডিওথেরাপী (radiotherapy) করার প্রস্তাব দেওয়া হতে পারে।

ক্যান্সার যদি এমন একটা পলীপ-এর মধ্যে থাকে যেটা কোলোনোস্কোপী'র সময়ে বাদ দেওয়া হয়েছে, তাহলে কিছু দিন পর পর নিয়মিত পরীক্ষা করানোই যথেষ্ট।

স্ক্রীনিং-এ ধরা পড়া সমস্ত অস্ত্রের ক্যান্সার সারানো যায় না।

## আমার শরীর থেকে সংগ্রহ করা নমুনা পরীক্ষার পর তার কি হয়?

FOB পরীক্ষার নমুনা বিশ্লেষণ করার পর তার ফল একটা ডোটাভেইস-এ সংরক্ষণ করা হয় এবং নমুনার কার্ড নষ্ট করে ফেলা হয়। আপনাকে উপযুক্ত মানের সেবা দেওয়ায় এবং আমাদের বিশেষজ্ঞ কর্মীদের দক্ষতা বাড়ানোয় আমাদের লক্ষ্যের অংশ হিসাবে আমরা সমস্ত স্ক্রীনিং বা পরীক্ষার বিবরণ নিয়মিত পর্যালোচনা করে থাকি। এর অর্থ হলো যে স্বাস্থ্য পরিষেবার অন্যান্য বিভাগে যেসব কর্মী কাজ করে তাদেরও আপনার বিবরণ দেখার প্রয়োজন হবে।

এইসব বিবরণ আমরা কিভাবে সংরক্ষণ করি সেসম্পর্কে আরো জানার জন্য আপনি 0845 4647 নম্বরে এনএইচএস ডাইরেক্ট (NHS Direct)-কে টেলিফোন করতে পারেন।

## সারসংক্ষেপ

আপনি অস্ত্রের ক্যান্সার স্ক্রীনিং প্রক্রিয়াতে অংশ নিতে চান কি না সে'ব্যাপারে মনস্থির করার আগে, আপনি তার কিছু উপকার ও অসুবিধা বিবেচনা করে দেখতে, এবং আপনার জন্য কি কি জরুরী তা চিন্তা করতে পারেন।

- অস্ত্রের ক্যান্সার ইউকে বা যুক্তরাজ্যে ক্যান্সার রোগে মৃত্যুর দ্বিতীয় সবচেয়ে সাধারণ কারণ। অস্ত্রের ক্যান্সার স্ক্রীনিং প্রক্রিয়ায় অংশ নিলে আপনার এই রোগ থেকে মৃত্যুর সম্ভাবনা কমবে।
- অস্ত্রের ক্যান্সার স্ক্রীনিং-এ এমন ধরনের পলীপ-এর অস্তিত্বও ধরা পড়ে যেগুলি কালক্রমে ক্যান্সারে পরিণত হতে পারে। কোলোনোস্কোপী'র সময়ে এইসব পলীপ বাদ দিয়ে দিলে আপনার ভবিষ্যতে অস্ত্রের ক্যান্সারে আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমতে পারে।
- একটা সম্ভাবনা আছে যে স্ক্রীনিং পরীক্ষা করার সময়ে যদি ক্যান্সার থেকে রক্তক্ষরণ না হতে থাকে তাহলে সেটা ধরা না পড়তেও পারে।
- পরীক্ষার অস্বাভাবিক ফলের অর্থ হলো যে আপনার কোলোনোস্কোপী করার প্রস্তাব দেওয়া হবে। যেসব লোকের কোলোনোস্কোপী করা হয় তাদের অধিকাংশের ক্যান্সার থাকে না। তবে কোলোনোস্কোপী'র সঙ্গে সম্পর্কিত কিছু ঝুঁকি আছে, যদিও সেগুলি বিরল।
- স্ক্রীনিং-এ ধরা পড়া সমস্ত অস্ত্রের ক্যান্সারের চিকিৎসা সফলভাবে করা যায় না।
- FOB পরীক্ষা সম্পূর্ণ করা যদিও কিছু লোকের কাছে অস্বস্তিদায়ক হতে পারে, এই পরীক্ষা আপনার বাড়িতেই করা যায়।

এই প্রচারপত্র রচনা করেছে ক্যান্সার রীসার্চ ইউকে (Cancer Research UK), এনএইচএস বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রাম (NHS Bowel Cancer Screening Programme)-এর সহযোগিতায় এবং ইংলিশ বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং পাইলট (English Bowel Cancer Screening Pilot)-এর পরামর্শ নিয়ে।

এটা রচনার সময়ে নিম্নলিখিত দাতব্য প্রতিষ্ঠানগুলির সঙ্গেও আলাপ-আলোচনা করা হয়েছে :

- বীটিং বাওয়েল ক্যান্সার (Beating Bowel Cancer)
- বাওয়েল ক্যান্সার ইউকে (Bowel Cancer UK)
- ক্যান্সারব্যাকআপ (Cancerbackup)
- মেন'স্ হেলথ ফোরাম (Men's Health Forum)

## আরো তথ্য ও সহায়তা

আপনার যদি কোন প্রশ্ন থাকে, অথবা অস্ত্রের ক্যান্সার সম্পর্কে আরো বিস্তারিত জানতে চান, তাহলে আপনি :

- আপনার 'প্রোগ্রাম হাব' বা কর্মসূচি কেন্দ্রের সঙ্গে ফ্রীফোন 0800 707 60 60 নম্বরে যোগাযোগ করতে পারেন;
- আপনার জিপি'র সঙ্গে কথা বলতে পারেন;
- এনএইচএস ক্যান্সার স্ক্রীনিং ওয়েবসাইট [www.cancerscreening.nhs.uk](http://www.cancerscreening.nhs.uk) দেখতে পারেন;
- এনএইচএস ডাইরেক্ট ওয়েবসাইট [www.nhsdirect.nhs.uk](http://www.nhsdirect.nhs.uk) দেখতে পারেন;
- ক্যান্সারব্যাকআপ ওয়েবসাইট [www.cancerbackup.org.uk](http://www.cancerbackup.org.uk) দেখতে পারেন, অথবা 0808 8001234 নম্বরে টেলিফোন করতে পারেন;
- ক্যান্সারহেল্প ওয়েবসাইট [www.cancerhelp.org.uk](http://www.cancerhelp.org.uk) দেখতে পারেন, অথবা 0800 226237 নম্বরে টেলিফোন করতে পারেন;
- বাওয়েল ক্যান্সার ইউকে ওয়েবসাইট [www.bowelcanceruk.org.uk](http://www.bowelcanceruk.org.uk) দেখতে পারেন, অথবা 08708 506050 নম্বরে টেলিফোন করতে পারেন;
- বীটিং বাওয়েল ক্যান্সার ওয়েবসাইট [www.beatingbowelcancer.org](http://www.beatingbowelcancer.org) দেখতে পারেন, অথবা 02088925256 নম্বরে টেলিফোন করতে পারেন।

আপনার বয়স যদি 70 বছর বা তার বেশী হয় এবং আপনি অস্ত্রের ক্যান্সারের একটা স্ক্রীনিং কিট বা পরীক্ষার সরঞ্জাম চান, **ফ্রীফোন বা বিনা খরচের 0800 707 60 60** নম্বরে টেলিফোন করবেন।

ডিপার্টমেন্ট অভ হেলথ (Department of Health)-এর দ্বারা এনএইচএস বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রামস্ (NHS Bowel Cancer Screening Programmes)-এর সহযোগিতায় এবং ক্যান্সার রীসার্চ ইউকে প্রাইমারী কেয়ার এডুকেশন গ্রুপ (Cancer Research UK Primary Care Education Group)-এর পরামর্শ ও সহায়তা নিয়ে প্রকাশিত।

ক্যান্সার রীসার্চ ইউকে

© ক্রাউন কপিরাইট 2006  
273372 1p Nov06

ডিপার্টমেন্ট অভ হেলথ (Department of Health)-এর তরফে সিওআই (COI)-এর দ্বারা রচিত।  
প্রথম সংস্করণ মে 2006

এই দলিলটিতে দেওয়া বিবরণ ব্যক্তিগত অথবা অভ্যন্তরীণ বিভাগীয় ব্যবহারের জন্য আনুষ্ঠানিক অনুমতি কিংবা খরচ ছাড়াই পুনর্মুদ্রণ করা যেতে পারে।

আপনার এই প্রকাশনার আরো কপি দরকার হলে 273372/Bowel cancer - The Facts উল্লেখ করে এখানে যোগাযোগ করবেন :

DH Publications Orderline  
PO Box 777 London SE1 6XH

ই-মেইল : [dh@prolog.uk.com](mailto:dh@prolog.uk.com)

টেলিফোন : 08701 555 455

ফ্যাক্স : 01623 724 524

টেক্সটফোন : 08700 102 870 (সকাল 8 থেকে সন্ধ্যা 6, সোমবার থেকে শুক্রবার)

[www.cancerscreening.nhs.uk](http://www.cancerscreening.nhs.uk)